

এই প্রকল্পটি নিম্নবর্ণিত সহযোগী সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে :

ইন্টারন্যাশনাল ওয়াটার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, আই আর সি ইন্টারন্যাশনাল ওয়াটার এন্ড স্যানিটেশন সেন্টার, এনজিও ফোরাম ফর ড্রিংকিং ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটেশন, সি ও এস আই ফাউন্ডেশন ফর টেকনিক্যাল কো-অপারেশন, এবং দি স্টকহোম এনভায়রনমেন্ট ইনস্টিটিউট।

ASIA F & ECO II



EUROPEAID
CO-OPERATION OFFICE



NGO FORUM
FOR DRINKING WATER SUPPLY & SANITATION



International Water and Sanitation Centre

IRC

cosi
Community Sanitation



SEI STOCKHOLM
ENVIRONMENT
INSTITUTE

এনজিও ফোরাম ফর ডি ডব্লিউ এস এস

৪/৬, ব্লক - ই, লালমাটিয়া
ঢাকা - ১২০৭, বাংলাদেশ
ফোন : ৮৮০ ২ ৮১৫৪২৭৩ - ৪
ফ্যাক্স : ৮৮০ ২ ৮১১৭৯২৪
ই-মেইল : nrc@ngof.org
ওয়েব : http://www.ngof.org

এই প্রকল্পটি "ইউরোপিয়ান ইউনিয়নের" তহবিলের সহায়তায় গ্রহণ করা হয়েছে। তবে এর যাবতীয় বিষয়বস্তু প্রকাশনার দায়িত্ব কেবলমাত্র এই প্রকল্পের অংশীদারদের এবং এটা অপরিবর্তনযোগ্য।

অভিজ্ঞতা বিনিময় ও কর্মদক্ষতা :

এই প্রকল্প থেকে লব্ধ জ্ঞান ও অভিজ্ঞতা সমূহ প্রকল্প এলাকাসমূহের বিভিন্ন স্তরে, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিনিময় করা হবে।

প্রকল্পের কাঙ্ক্ষিত ফলাফল :

বিভিন্ন স্তরে এই প্রকল্প কয়েকটি ফলাফল প্রত্যাশা করে, যেমনঃ

- পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, বর্জ্য মিশ্রিত পানি ব্যবস্থাপনা, স্বাস্থ্য বিধি উন্নয়নের মাধ্যমে এই প্রকল্প সরাসরি জীবন ও জীবিকার উন্নয়ন চায়। এই উন্নয়ন মানুষের রোগ ব্যাধি কমিয়ে কৃষির উৎপাদন বৃদ্ধি করবে।
- পয়ঃনিষ্কাশন, বর্জ্য মিশ্রিত পানি ব্যবস্থাপনা, স্বাস্থ্য বিধি উন্নয়নের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি তদির উন্নয়ন ও এই প্রকল্পের কাঙ্ক্ষিত ফল।
- অংশগ্রহণ মূলক কর্ম পরিকল্পনার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ, বিভিন্ন সাংগঠনিক সদস্য ও বিভিন্ন স্টেক-হোল্ডারদের কর্মদক্ষতা বৃদ্ধিকরন যা এই প্রকল্পের অন্যতম কাঙ্ক্ষিত ফল।

প্রকল্প এলাকা এবং সময়কাল :


এই প্রকল্প বাংলাদেশের "রাজশাহীতে" এবং শ্রীলঙ্কার "কুরুনেগালা" শহরে গ্রহণ করা হয়েছে এবং এর ব্যাপ্তিকাল ডিসেম্বরের ২০০৫ হতে ২০০৮ পর্যন্ত। উভয় শহরেই পয়ঃনিষ্কাশনের ক্ষেত্রে সুযোগ-সুবিধা অপর্ষাণ্ড। খোলা নালার বর্জ্য মিশ্রিত অপরিশোধিত পানি এখানকার কৃষি জমিতে ব্যবহৃত হচ্ছে। এশিয়ার হাজারও শহরের নমুনা স্বরূপঃ এই শহর দু'টি চিহ্নিত করা হয়েছে, যাতে এখানকার পরীক্ষামূলক সমাধান/ফলাফল অন্য শহর তুলোতেও প্রয়োগ করা যায়।




ওয়াসপা এশিয়া

কৃষিকাজে বর্জ্য মিশ্রিত পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থাপনায় দারিদ্র্য দূরীকরণ প্রকল্প

দরিদ্র শহর এলাকায় পয়ঃনিষ্কাশনের পরিবেশ ও স্বাস্থ্য বিধির উৎকর্ষতা সাধনের জন্য স্টেক-হোল্ডারদের অংশগ্রহণ মূলক কর্মকান্ড গ্রহণ এবং ফলপ্রসূ ও বর্জ্য মিশ্রিত পানির নিরাপদ ব্যবহারের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ।





ভূমিকা/ পটভূমিঃ

শহরাঞ্চলে অধিক হারে জনসংখ্যা বৃদ্ধির কারণেই বিপুল পরিমাণে বর্জ্য মিশ্রিত পানি উৎপন্ন হচ্ছে। দক্ষিণ এশিয়ার শহরগুলোতে বেশীরভাগ ক্ষেত্রেই এই অবস্থা অনিয়ন্ত্রিত। বেশীরভাগ ক্ষেত্রেই এই বর্জ্য মিশ্রিত পানি খোলা ড্রেনে জমে থাকে এবং অল্প কিছু ক্ষেত্রে ঢাকনায়ুক্ত ড্রেনে জমে থাকে। নাম মাত্র পরিশোধন অথবা পরিশোধন ছাড়াই এই বর্জ্য মিশ্রিত পানি জলাশয় সমূহে প্রবেশ করে। এমন কি যেখানে পর্যাপ্ত পয়নিষ্কাশন ব্যবস্থা আছে সেখানেও সেক্টিক ট্যাংক অথবা পিট ল্যাট্রিন থেকে ফাটলের মধ্য দিয়ে বর্জ্য মিশ্রিত পানির মাধ্যমে পরিবেশ দূষিত হচ্ছে। অত্যধিক দূষিত জঞ্চলে, যেখানে পয়নিষ্কাশন ব্যবস্থা নেই সেখানে মানুষ খোলা জায়গায় মলমূত্র ত্যাগ করে এবং বৃষ্টির পানির মাধ্যমে তা খোলা ড্রেনের সাথে সংযুক্ত হয়ে প্রকট সমস্যার সৃষ্টি করছে।

ভারতের কলকাতায় দেখা গেছে যে, বর্জ্য মিশ্রিত পানিই হচ্ছে সেখানকার একটি ফলপ্রসূ সম্পদ, কারণ সেখানে প্রাকৃতিক জলাভূমিকে ব্যবহার করা হয়েছে বর্জ্য মিশ্রিত পানিকে শোধনের জন্য এবং জীবন ও জীবিকার অবলম্বন হিসাবে তারা এই বর্জ্য মিশ্রিত পানিতে মাছের চাষ এবং কৃষিকাজ করে থাকে। তবে পৃথিবীর অনেক অঞ্চলে উন্নত জীবন যাত্রার অভাব রয়েছে। সেখানে শহরের ও শহরাঞ্চলীয় দূষিত কুৎসার প্রায়ই অপরিশোধিত অথবা আংশিক পরিশোধিত পানি কৃষি কাজে ব্যবহার করে থাকে এবং এর জৈব পদার্থ সমূহকে ব্যবহার করে উপকৃত হচ্ছেন। গুরু আবহাওয়া যুক্ত এলাকা, যেখানে বৃষ্টিপাতের পরিমাণ খুবই কম এবং পানির উৎস অভাব রয়েছে সেখানে এই ধরনের পানির উৎস খুবই গুরুত্বপূর্ণ।





কৃষিতে বর্জ্য মিশ্রিত পানির ব্যবহার ব্যাপক এবং স্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ। তাই কর্তৃপক্ষের উচিত এই রকম বাস্তব ঝুঁকিপূর্ণ কাজে সংশ্লিষ্ট জনসাধারণকে নিরুৎসাহিত করা। এজন্য কর্তৃপক্ষকে অবশ্যই কার্যকরী বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে হবে যা স্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ নয় এবং উপকারীতার দিক থেকেও পরিপূর্ণ। এর জন্য প্রয়োজন, শহরের বর্জ্য মিশ্রিত পানি ব্যবস্থাপনা ও পরিকল্পনা গ্রহণ এবং সেই সাথে বর্জ্য মিশ্রিত পানি পরিশোধনের জন্য পর্যায়ক্রমে প্রযুক্তিগত সমাধান।

সার্বিক এবং টেকসই সমাধানের জন্য যে সব ক্ষেত্রে পূর্ণ পদক্ষেপ নেওয়ার প্রয়োজন তা হল স্বাস্থ্য সম্মত পায়খানা, সংক্রমণ হ্রাস, বর্জ্য শোধন, নিষ্কাশন, কৃষিতে নিরাপদে ব্যবহার উপযোগী এবং স্বাস্থ্য বিধি ব্যবহারের উন্নতি বর্ধন করা। সেই সাথে শহর পর্যায়ে পানি ও পয়নিষ্কাশন ব্যবস্থা পরিবর্তনের ক্ষেত্রে পরিকল্পনা গ্রহণ।

লক্ষ্যঃ

“ওয়াসপা এশিয়া” প্রকল্পের লক্ষ্য হল, বিভিন্ন ধরনের স্টেক-হোল্ডারদের অংশগ্রহণমূলক পরিকল্পনার মধ্য দিয়ে পয়নিষ্কাশন, বর্জ্য মিশ্রিত পানি ব্যবস্থাপনা ও কৃষি কাজে বর্জ্য মিশ্রিত পানি ব্যবহারের পরীক্ষা মূলক সমাধান খুঁজে বের করা।



লার্নিং এ্যালয়েন্সঃ

প্রকল্পটি প্রতিষ্ঠার পছন্দ হল শহর ও জাতীয় পর্যায়ে স্টেক-হোল্ডারদের মাধ্যমে তাদেরকে একত্রিত করা। বিভিন্ন সাংগঠনিক পর্যায়ে নানাবিধ স্টেক হোল্ডার যেমন জনসাধারণ, সরকারী ও বেসরকারী সংস্থা সমূহ, সামাজিক সংস্থা সমূহ, বিশেষজ্ঞ এবং পেশাজীবীগণ সবাই এই লার্নিং এ্যালয়েন্সের সদস্য। লার্নিং এ্যালয়েন্স, জ্ঞানের উদ্ভব এবং তার বস্তুনের ব্যবস্থা প্রতিপালন করবে যা স্থানীয় স্টেক-হোল্ডারদের কর্মদক্ষতা বৃদ্ধি করবে এবং পারস্পরিক সহযোগিতার ক্ষেত্রে প্রসারিত করবে।

কর্মপরিকল্পনাঃ

প্রকল্প এলাকায় বিদ্যমান পয়নিষ্কাশন ব্যবস্থা, শহর ও শহর নিকটবর্তী এলাকায় কৃষির প্রচলিত রেওয়াজ সম্পর্কে সুস্পষ্ট ধারণা দেওয়ার জন্য লার্নিং এ্যালয়েন্স প্রকল্প কর্মীদের সাথে কাজ করবে। এর ফলে জন গোষ্ঠির চাহিদা খুঁজে বের করা এবং পয়নিষ্কাশন, বর্জ্য মিশ্রিত পানি ব্যবস্থাপনা ও কৃষি কাজে এর প্রয়োগের জন্য অংশগ্রহণ মূলক কর্ম পরিকল্পনার মাধ্যমে যুতসই প্রযুক্তির পরীক্ষা করণ, বসতবাড়ীর উন্নয়ন ও স্বাস্থ্যসম্মত ভাবে বাদ্য গ্রহণ সম্ভব হবে।

